গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-১২০

তারিখঃ ১০/০৬/২০১৮ খ্রিঃ।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের মে, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত মে, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরুপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসংগে প্রেরণ করা হলো।

১. **কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ২০ জুন, ২০১৮ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন** প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।

২. **জুন, ২০১৮** মাসের সমন্বয় সভার **কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ২০ জুন, ২০১৮** তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ মজিবর রহমান)
সহকারী পরিচালক
ফোনঃ ৯১১০২৬০।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

D:\Monthly coordination meeting1.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

## কৃষি বিপণন অধিদপ্তরের মে, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

তারিখ : ৩১ মে, ২০১৮ খ্রিঃ।

সময় : বিকাল ০২:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১. | গত ৩০/০৪/২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ৩০/০৪/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়।<br>**সিদ্ধান্ত-১:** ৩০/০৪/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| ২. | **বাজার দর পর্যালোচনাঃ**<br>ঢাকা শহরে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), মুরগী (ব্রয়লার), কাঁচা মরিচ, আলু (হল্যান্ড), বেগুন, মিষ্টি কুমড়া, করল্যা/উচ্ছে, কাঁচাপেঁপে এবং টমেটোর দাম বৃদ্ধি পেয়েছে।<br>০৭টি বিভাগে মসুর ডাল (দেশী), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচামরিচ, মুরগী (ব্রয়লার), আলু (হল্যান্ড সাদা), বেগুন, টমেটো, করল্যা/উচ্ছে, কাঁচাপেঁপে এবং মিষ্টি কুমড়া'র দাম বৃদ্ধি পেয়েছে। | বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরী এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-'খ')। বাজার দর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **সিদ্ধান্ত-১:** যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে মসুর ডাল (দেশী), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), মুরগী (ব্রয়লার), কাঁচা মরিচ, আলু (হল্যান্ড), বেগুন, মিষ্টি কুমড়া, করল্যা/উচ্ছে, কাঁচাপেঁপে, টমেটো এবং অন্যান্য শাক-সজিসহ সকল কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে কার্যকরী বাজার সংযোগ স্থাপন এবং তদারকি অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২:** রংপুর জেলায় আদা ও রসুনের দাম বৃদ্ধির কারণ অনুসন্ধানপূর্বক বিভাগীয় কার্যালয় হতে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে। এছাড়াও যেসকল জেলায় পণ্যের মূল্য অতিরিক্ত পরিলক্ষিত হয় সেসকল জেলায় সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় হতে অনুসন্ধানপূর্বক সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ ও স্থানীয় পর্যায়ে মনিটরিং জোরদার ও লিংকেজ স্থাপন করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক রংপুর।<br>ডিএমও, রংপুর।<br>উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-৩:** বাণিজ্য মন্ত্রণালয়ের মনিটরিং টিম-কে কৃষি বিপণন অধিদপ্তরের যৌক্তিক মূল্যের তালিকা সরবরাহপূর্বক তা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ) |
| | | **সিদ্ধান্ত-৪:** ঈদের পূর্বেই RAB-এর মুখপাত্রের সাথে আলোচনাপূর্বক তারিখ নির্ধারণ করে মোহাম্মপুর টাউল হল বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। ইতোপূর্বে | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বাজার মনিটরিং টিমসমূহ। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক গঠিত বাজার মনিটরিং টিমসমূহ নিয়মিতভাবে বাজার মনিটরিং পূর্বক মহাপরিচালক বরাবর প্রতিবেদন উপস্থাপন করবেন। | |
| | | **সিদ্ধান্ত-৫**: বাজার মনিটরিং/পরিদর্শনকালে বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীগণ নিজস্ব মোবাইল ফোনের ম্যাসেন্জারের মাধ্যমে বাজার কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক এবং ক্রেতা/বিক্রেতার সাথে ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকের সাথে ভিডিও কনফারেন্সিং করবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| ৩. | **বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ**<br>জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ৬৪টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক। | **সিদ্ধান্ত-১**: যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্যে বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে এবং জেলা পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| ৪. | **গবেষণা শাখা**<br>সারাদেশে হিমাগারের সংখ্যা ৩৬৩টি, মোট ধারণ ক্ষমতা ২৭.৮১ লক্ষ মেঃ টন। | **সিদ্ধান্ত-১**: ফুল বিপণন কার্যক্রমে গতিশীলতা আনায়নের লক্ষ্যে ফুল উৎপাদনকারীদের তালিকা যেসকল বিভাগ হতে পাওয়া যায়নি সেকল বিভাগ হতে জুন/২০১৮ মাসের মধ্যে সংগ্রহ পূর্বক সংকলন ও প্রকাশ করতে হবে এবং ফুল বিপণনে যৌক্তিক মূল্য নির্ধারণ ও পরবর্তী করণীয় বিষয়ে ফুল ব্যবসায়ীদের পত্র প্রেরণ পূর্বক লিফলেট, হ্যান্ডবিল প্রস্তুত করে প্রচার-প্রচারণা কাযক্রম অব্যাহত রাখতে হবে। | গবেষণা শাখা |
| | | **সিদ্ধান্ত-২**: বিভিন্ন শস্যের সাপ্লাই চেন প্রস্তুত পূর্বক ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গবেষণা শাখা |
| | | **সিদ্ধান্ত-৩**: প্রস্তুতকৃত ১১টিসহ বাকী ০১টি কৃষিপণ্যের উৎপাদন খরচ নির্ণয় ও বিপণন মূল্যের তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত পুর্বক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গবেষণা শাখা |
| | | **সিদ্ধান্ত-৪**: বাংলাদেশে এগ্রোফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ এবং অটো রাইস মিল-এর প্রকৃত সংখ্যা ডিএমও/ডিএমআইগণ জেলাওয়ারী জেলার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর কাছ থেকে সংগ্রহ পূর্বক সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এগ্রিবিজনেস।<br>উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| ৫. | **আরইটিসি শাখা**<br>সারাদেশে মোট প্রজ্ঞাপিত বাজারের সংখ্যা ৮৯২টি। মার্চ/১৮ মাসের চেয়ে এপ্রিল/১৮ মাসে ৫.৯১% রাজস্ব আদায় হ্রাস পেয়েছে। | **সিদ্ধান্ত-১**: ২০১৭-২০১৮ অর্থ বছরের APA- অনুযায়ী Non-Tax রেভিনিউ আদায়ের লক্ষ্যমাত্রা জুন/২০১৮ মাসের মধ্যে অর্জনের লক্ষ্যে বিভাগীয় উপ-পরিচালকগণ মনিটরিং জোরদার করবেন। | উপ-পরিচালক (আরইটিসি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২**: কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ (সংশোধিত, ১৯৮৫) অনুযায়ী মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বিভাগ ও জেলা কার্যালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক এতদসংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩**: প্রজ্ঞাপিত বাজারের তালিকা গেজেটে প্রকাশের জন্য বিজি প্রেসে যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই(সকল)। |
| | | **সিদ্ধান্ত-৪**: Bangladesh Agro Processors Association-এর MoU স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ এবং হটেক্স ফাউন্ডেশনের সংগে MoU চূড়ান্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। |
| | | **সিদ্ধান্ত-৫**: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সংগে স্বাক্ষরিত MoU অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে জেলা পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৬. | **নীতি ও পরিকল্পনা শাখা**<br>০৩টি প্রকল্প সবুজ পাতায় অন্তর্ভুক্ত আছে। চালু প্রকল্প ০১টি, চালু কর্মসূচী ০২টি। ২০১৮-২০১৯ অর্থবছরে এডিপি'র সবুজ পাতায় অন্তর্ভুক্তির নিমিত্ত ০৫টি প্রকল্পের প্রস্তাব করা হয়েছে। | **সিদ্ধান্ত-১:** APSU কর্তৃক নির্বাচিত প্রাথমিক প্রকল্প ও কর্মসূচীর তালিকা থেকে পর্যায়ক্রমে DPP এবং PPNB- প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | **সিদ্ধান্ত-২:** কাঁঠাল এবং আলুর বিষয়ে ০২টি প্রকল্প/কর্মসূচীর পিপিএনবি চূড়ান্ত পূর্বক আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | **সিদ্ধান্ত-৩:** কৃষি বিপণন অধিদপ্তর শক্তিশালীকরণ এবং ফুল সংক্রান্ত প্রকল্পের মন্ত্রণালয়ে প্রেরিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| ৭. | **গুদাম ব্যবস্থাপনা শাখা**<br>মোট গুদাম ৮১টি, শস্য জমার পরিমান ৪,৪৯২ মেঃ টন, ঋণ বিতরণ ৬৮৯.২০ লক্ষ, এফডিআর ১১৫.৬৩ লক্ষ, গুদামের সঞ্চয়ী হিসাবে রক্ষিত ১০.৮১ লক্ষ, মোট তহবিল ১২৬.৪৩ লক্ষ টাকা, ঋণ খেলাপী গুদামের সংখ্যা ১৭টি, খেলাপী ঋণের পরিমাণ ৭৪.৪২ লক্ষ টাকা। | **সিদ্ধান্ত-১:** নতুন নীতিমালা অনুযায়ী শস্য সংরক্ষণের ক্ষেত্রে গুদামের ভাড়া বৃদ্ধির লক্ষ্যে আঞ্চলিক ব্যবস্থাপকদের বরাবর পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা) |
| | | **সিদ্ধান্ত-২:** ওয়্যার হাউজ অর্ডিন্যান্স, ১৯৫৯-এর আলোকে সারাদেশে ওয়্যার হাউজের জেলাভিত্তিক তথ্য সংগ্রহ পূর্বক মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা)। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল) ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-৩:** প্রত্যেক জেলা হতে ওয়্যার হাউজ বিষয়ে প্রদেয় লাইসেন্স-এর সংখ্যা আলাদাভাবে উল্লেখ পূর্বক আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে সদর দপ্তর হতে জেলা পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী সারাদেশে ওয়্যার হাউজের জেলাভিত্তিক তথ্য এবং ওয়্যার হাউজ বিষয়ে প্রদেয় লাইসেন্স-এর সংখ্যা আলাদাভাবে উল্লেখ করে মহাপরিচালক বরাবর প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা)। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল) ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-৪:** যেসকল জেলা হতে আগামী ১৫ দিনের মধ্যে সারাদেশে ওয়্যার হাউজের জেলাভিত্তিক তথ্য এবং ওয়্যার হাউজ বিষয়ে প্রদেয় লাইসেন্স-এর সংখ্যা আলাদাভাবে উল্লেখ করে প্রতিবেদন প্রেরণ করতে ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা)। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল) ডিএমও/ডিএমআই (সকল) |
| ৮. | অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন<br>মোট অডিট আপত্তি- ১৫টি, ব্রডশীট জবাব- ১৪টি, অভ্যন্তরীণ অডিট সম্পন্ন ৪১টি অফিস। | **সিদ্ধান্ত-১:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্য অর্জনের জন্য অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে হিসাব শাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রেরণের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করবেন। অগ্রীম অনুচ্ছেদের জন্য কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অডিট অফিস-কে পত্র প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) হিসাব শাখা |
| | | **সিদ্ধান্ত-২:** অভ্যন্তরীণ অডিট টিমদ্বয় নিয়মিতভাবে জেলা অফিসসমূহের অডিট কার্যক্রম পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল অব্যাহত রাখবে এবং জেলাসমূহ অডিটে নির্দেশিত বিষয়সমূহ প্রতিপালন অন্তে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করবে। | হিসাব শাখা অডিট টিম |
| | | **সিদ্ধান্ত-৩:** অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে রাজশাহী, মাগুরা ও ঝিনাইদহ জেলার ডিএমও/ডিএমআইগণ আগামী ১৫ দিনের মধ্যে জবাব প্রস্তুত পূর্বক বিভাগীয় উপ-পরিচালকের মাধ্যমে দ্রুত সদর দপ্তরে প্রেরণ করবেন। | বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী/খুলনা। অডিট টিম (হিসাব শাখা)। ডিএমও/ডিএমআই রাজশাহী/মাগুরা। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৯. | ICT শাখা<br>ই-ফাইলে সদর দপ্তরে প্রাপ্ত ডাক ৮২২, ই-ফাইলে নিস্পন্ন ৭২৭, ই-ফাইলে পত্র জারী ২১২টি। এছাড়া ঢাকা বিভাগে ৬৮টি, বরিশালে ১৪টি, চট্টগ্রামে ৯১টি, রাজশাহী ১২টি, খুলনায় ২৬টি, রংপুরে ৩২টি ও সিলেট ৬২টি পত্র ই-ফাইলে জারী করা হয়েছে। | **সিদ্ধান্ত-১:** কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান/বিভাগীয় কার্যালয় ও নির্বাচিত ২২টি জেলা কার্যালয়সমুহে ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে আইসিটি শাখা বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে এবং দ্বিতীয় ধাপে অন্য ১১টি জেলাকে ই-ফাইলিং কার্যক্রমে অন্তর্ভূক্ত করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও (২২টি জেলা)। |
| ১০. | কৃষি বিপনন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক। | **সিদ্ধান্ত-১:** ২০১৭-২০১৮ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালক এবং সদর দপ্তরের সকল শাখা প্রধানগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% ভাগ কার্যাদি সম্পন্ন পূর্বক চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ নিশ্চিত করবেন। | APA ফোকাল পয়েন্ট<br>শাখা প্রধান (সকল)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>প্রকল্প/কর্মসূচী পরিচালক |
| ১১. | কৃষি বিপণন অধিদপ্তরে SDG's বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন। | **সিদ্ধান্ত-১:** SDG's সংশ্লিষ্ট কৃষি বিপণন অধিদপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে বিভাগীয় সমন্বয় সভায় বিষয়টি আলোচ্যসূচী ভূক্ত করে প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| ১২. | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ | **সিদ্ধান্ত-১:** বিভাগীয় কার্যালয় হতে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| | | **সিদ্ধান্ত-২:** Action Plan এবং Guideline অনুযায়ী অভিযোগ পাওয়া মাত্রই শুদ্ধাচার কৌশল বিষয়ে সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | নৈতিকতা কমিটি |
| | | **সিদ্ধান্ত-৩:** ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী জুন/২০১৮ মাসের মধ্যে তালিকা চূড়ান্ত পূর্বক মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| ১৩. | তথ্য অধিকার আইন। | **সিদ্ধান্ত-১:** Voluntary Disclosure বিষয়ক প্রতিবেদন নির্ধারিত সময়ে আবশ্যিকভাবে মন্ত্রণালয় এবং তথ্য কমিশনে পাঠাতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর) ও সকল বিভাগীয় কার্যালয় |
| | | **সিদ্ধান্ত-২:** তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী নির্ধারিত আবেদন ফরম ব্যবহারকারীদের তথ্য প্রদান এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। তথ্য অধিকার আইন, ২০০৯-বিষয়ে বিভাগীয় পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর) |
| ১৪. | সেন্ট্রাল মার্কেট পরিচালনা | **সিদ্ধান্ত-১:** দাগ খতিয়ান নিয়ে সৃষ্ট জটিলতা নিরসন পূর্বক সেন্ট্রাল মার্কেটের ১.৪৩ একর জায়গার মধ্যে বেদখলকৃত ০.৪৩ একর জায়গা সার্ভেয়ারের মাধ্যমে দ্রুত বুঝে নেয়ার লক্ষ্যে জমির মালিক বিএডিসি-কে পত্র প্রেরণ পূর্বক দ্বি-পক্ষীয় সভার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক ঢাকা। |
| | | **সিদ্ধান্ত-২:** সেন্ট্রাল মার্কেটের জায়গা নিয়ে সৃষ্ট জটিলতার বিষয়টি অবহিতকরণ পূর্বক কৃষি মন্ত্রণালয়-কে পত্র প্রেরণ করতে হবে এবং ০.৪৩ একর জায়গা সার্ভেয়ারের মাধ্যমে বুঝে নেয়ার পর সীমানা প্রাচীর দিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক ঢাকা। |

**পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক**

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১৫. | ইনোভেশন টিম | **সিদ্ধান্ত-১:** আগামী ১৫ দিনের মধ্যে ইনোভেশন অফিসার কর্তৃক তাঁদের কর্মপরিকল্পনা মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | ইনোভেশন অফিসার |
| | | **সিদ্ধান্ত-২:** চূড়ান্তকৃত ইনোভেশন ব্যাংক অনুযায়ী ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। চূড়ান্তকৃত ইনোভেশন ব্যাংক সমৃদ্ধশালীকরণের লক্ষ্যে বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ উদ্ভাবনমূলক আইডিয়া সৃষ্টপূর্বক সদর দপ্তরে প্রেরণ করবে এবং সেই তালিকা হতে ইনোভেশন ব্যাংক-এর তালিকা সমৃদ্ধকরণ পূর্বক ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | ইনোভেশন অফিসার ও বিভাগীয় মেন্টর (সকল) ফোকাল পয়েন্ট কর্মকর্তা আইসিটি শাখা। |
| ১৬. | ফিল্ড সার্ভিস | **সিদ্ধান্ত-১:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তিমালার ছক অনুকরণে জেলা কার্যালয় হতে ইন্ডিকেটর ওয়াইজ দাপ্তরিক কার্যাবলীর প্রতিবেদন সংগ্রহ পূর্বক ত্রৈমাসিক ভিত্তিতে উপস্থাপনের ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক (ফিল্ড সার্ভিস) |
| ১৭. | জাতীয় ফল প্রদর্শনী-২০১৮ | **সিদ্ধান্ত-১:** আগামী ২২/০৬/২০১৮ হতে ২৪/০৬/২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য জাতীয় ফল প্রদর্শনী-২০১৮ উপলক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তরের প্রদর্শনী স্টল আধুনিক ও উন্নত বিপণন ধারার সংগে সামঞ্জস্য রেখে প্রস্তুত, ডেকোরেশন ও মেলার স্টলে ফলের বহুমূখী ব্যবহার, মূল্য সংযোজন, প্যাকেটজাতকরণ ইত্যাদি প্রদর্শনসহ যাবতীয় কার্যক্রম পরিচালনার কর্মপরিকল্পনা প্রণয়ন ও এতদসংক্রান্ত বাজেট মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | জাতীয় ফল প্রদর্শনী-২০১৮ পরিচালনা সংক্রান্ত কমিটি। |
| | | **সিদ্ধান্ত-২:** ঢাকায় অনুষ্ঠিতব্য ২২-২৪ জুন, ২০১৮ জাতীয় ফল মেলায় সহযোগীতার লক্ষ্যে বিভাগ ও জেলাসমূহ-কে পত্র প্রেরণ করতে হবে। স্থানীয় পর্যায়ে জাতীয় ফল মেলায় সকল জেলাকে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে। জাতীয় ফল মেলায় যথাযথভাবে অংশগ্রহণের লক্ষ্যে উন্নয়ন মেলার অনুরুপ অনুশাসন সদর দপ্তর হতে জারী করতে হবে। | জাতীয় ফল মেলা বাস্তবায়ন কমিটি। উপ-পরিচালক (আরইটিসি) বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল) |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ঈদ-উল ফিতরের অগ্রীম শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ মাহবুব আহমেদ )
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd